

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৫

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরেবাংলা নগর, ঢাকা
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
প্রজ্ঞাপন

তারিখ: ৩ ফাল্গুন ১৪২১/১৫ ফেব্রুয়ারি ২০১৫

নং ১৭.০০.১৩২২.০৩৪.৩৮.০৩২.১০-৪৭।—নির্বাচন কমিশন সচিবালয়ের প্রজ্ঞাপন নং নিকস/পৌর-১/১(২৪)/পৌরঃ সাধাঃ নির্বাঃপরিঃ/২০১০/১৭৮, তারিখঃ ০২-১২-২০১০, নিকস/পৌর-১/২(১৬)/চাঁদ-চাঁদ/২০১০/৯১৪, তারিখঃ ২৭-০৬-২০১১ ও পত্র নং নিকস/পৌর-১/২(১৬)/চাঁদপুর পৌরসভা/২০১০/৯৩০, তারিখঃ ২৪-০৭-২০১১ এর যোগসূত্রে মাননীয় হাইকোর্ট বিভাগে দাখিলকৃত রিট পিটিশন নং ৬২৫০/২০১১ এ ২৪-১১-২০১১ তারিখে প্রদত্ত রায়ে চাঁদপুর পৌরসভার ভোটারযোগ্য ব্যক্তিদের হালনাগাদ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করিয়া তাহাদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগ দানের আদেশ প্রদান করায় এবং উক্ত আদেশ অনুসারে চাঁদপুর পৌরসভার ভোটার তালিকা হালনাগাদ করিয়া ৩১-০১-২০১৫ তারিখে চূড়ান্তভাবে প্রকাশ করায় স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের স্থগিত সাধারণ অনুষ্ঠানের জন্য নিম্নরূপ পুনঃ নির্ধারিত সময়সূচি ঘোষণা করিতেছে :

| | | | |
|-----|---|---|--|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৬ ফেব্রুয়ারি ২০১৫ ১৪ ফাল্গুন ১৪২১ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০১ মার্চ ২০১৫ ১৭ ফাল্গুন ১৪২১ (রবিবার) |

(১০৪৫)

মূল্য : টাকা ৪.০০

| | | | |
|-----|-----------------------------------|---|---|
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ মার্চ ২০১৫ ২৬ ফাল্গুন ১৪২১ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | : | ২৯ মার্চ ২০১৫ ১৫ চৈত্র ১৪২১ (রবিবার) |

২। চাঁদপুর পৌরসভার সাধারণ নির্বাচন স্থগিত করিবার পূর্ব পর্যন্ত যে সকল প্রতিদ্বন্দী প্রার্থী ছিলেন তাহাদের নতুন করিয়া মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হইবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
মোঃ ফরহাদ হোসেন
সিনিয়র সহকারী সচিব।